



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

ঋণ শ্রেণিবিন্যাস ও প্রজেক্ট মনিটরিং বিভাগ।

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫১৪৯১২,

E-mail:

dgmlcd@krishibank.org.bd

পত্র নং-প্রকা/এলসিওপিএমডি-১(পলিসি)/২০২৩-২০২৪/৫৫১(১২৫০)

তারিখঃ ২৩/০৫/২০২৪

মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ মেয়াদোত্তীর্ণ ঋণ/বিনিয়োগের সংজ্ঞা প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখঃ ০৮ এপ্রিল ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ২১ এপ্রিল ২০১৯ তারিখে ঋণ শ্রেণিকরণ ও প্রতিশোধন বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৩ এর অনুচ্ছেদ নং-২.১ মোতাবেক, একটি মেয়াদোত্তীর্ণ ঋণের কোনো কিস্তি/কিস্তিসমূহ বা এর অংশবিশেষ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধ করা না হলে, উক্ত অপরিশোধিত কিস্তি/ কিস্তিসমূহ বা এর অংশবিশেষ যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকে সে তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাস পর মেয়াদোত্তীর্ণ (Past due/overdue) হিসেবে গণ্য করার নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। এক্ষেপে, ঋণ শ্রেণিকরণের আন্তর্জাতিক উত্তম চর্চার সাথে মেয়াদোত্তীর্ণ ঋণ/বিনিয়োগের সংজ্ঞা সামঞ্জস্যপূর্ণ করার নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয়েছে, যা দু'টি ধাপে বাস্তবায়িত হবে:

ক) একটি মেয়াদী ঋণ/বিনিয়োগের কোনো কিস্তি/কিস্তিসমূহ বা এর অংশবিশেষ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধ না হলে, উক্ত অপরিশোধিত কিস্তি/ কিস্তিসমূহ যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকবে সে তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) মাস অতিক্রান্ত হওয়ার পর মেয়াদোত্তীর্ণ হিসেবে গণ্য হবে, যা ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর করা হবে।

অর্থাৎ বিআরপিডি সার্কুলার -০৩ এর অনুচ্ছেদ নং-২.১ অনুযায়ী একটি মেয়াদী ঋণ / বিনিয়োগের কোন কিস্তি / কিস্তিসমূহ বা এর অংশবিশেষ যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকবে সে তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাস পর মেয়াদোত্তীর্ণ (Past due/overdue) হিসেবে গণ্য করা হতো। কিন্তু বর্তমান বিআরপিডি সার্কুলার-০৯ অনুযায়ী, উক্ত অপরিশোধিত কিস্তি/কিস্তিসমূহ যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকবে সে তারিখ হতে পরবর্তী ০৩(তিন) মাস অতিক্রান্ত হওয়ার পর মেয়াদোত্তীর্ণ হিসেবে গণ্য হবে, যা ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

খ) দ্বিতীয় ধাপে ৩১ মার্চ ২০২৫ তারিখ ও তৎপরবর্তীতে একটি মেয়াদী ঋণ / বিনিয়োগের কোনো কিস্তি/ কিস্তিসমূহ বা এর অংশবিশেষ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধ করা না হলে, যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকবে সে তারিখের অব্যবহিত পরবর্তী দিন হতে তা মেয়াদোত্তীর্ণ ঋণ/বিনিয়োগ হিসেবে গণ্য হবে

অর্থাৎ বিআরপিডি সার্কুলার-০৩ এর অনুচ্ছেদ নং-২.১ অনুযায়ী একটি মেয়াদী ঋণ / বিনিয়োগের অপরিশোধিত কিস্তি/কিস্তিসমূহ বা এর অংশবিশেষ যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকবে সে তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাস পর মেয়াদোত্তীর্ণ (Past due/overdue) হিসেবে গণ্য করা হতো। কিন্তু বর্তমান বিআরপিডি সার্কুলার-০৯ অনুযায়ী, উক্ত অপরিশোধিত কিস্তি/ কিস্তিসমূহ যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকবে সে তারিখ শেষ হবার পরবর্তী দিন হতে ঋণ/বিনিয়োগটি মেয়াদোত্তীর্ণ হবে, যা ৩১ মার্চ ২০২৫ তারিখ হতে কার্যকর হবে।

৪। এতদ্ব্যতীত, সূত্রোল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৮(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হয়েছে।

সংযুক্তিঃ ০১ (এক) টি।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ আকতার হোসেন)
উপমহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, ঋণ আদায় মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, আইসিটি মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৫. উপমহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ/জেনারেল ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
৬. নথি।